



স্মারক নং-৩৩.০২.৭৬০০.৪০০.১৯.০১৭.২১

তারিখ: ১০/১০/২০২১ খ্রি.

সভার নোটিশ

এতদ্বারা সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর পাবনা সদর, পাবনা এর কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তরের আওতাধীন জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর/২১-ডিসেম্বর/২১) সভা ১৪/১০/২০২১ খ্রি. সকাল ১০.৩০ ঘটিকায় সভাপতি, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কক্ষে অনুষ্ঠিত হবে। উল্লিখিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট সকলকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মিজানুর রহমান)

ক্ষেত্রসহকারী

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর

পাবনা সদর, পাবনা।

ও

সদস্য সচিব

শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি

স্মারক নং-৩৩.০২.৭৬০০.৪০০.১৯.০১৭.২১

তারিখ: ১০/১০/২০২১ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২. জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা।
৩. জনাব.....
৪. সংশ্লিষ্ট নথি।

(মোঃ মিজানুর রহমান)

ক্ষেত্রসহকারী

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর

পাবনা সদর, পাবনা।

ও

সদস্য সচিব

শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পাবনা সদর, পাবনা এর শূদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা
কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর/২১-ডিসেম্বর/২১) সভার কার্যবিবরণীঃ

সভাপতি: জনাব মোঃ হাসান মাহমুদুল হক, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা(অ.দা), পাবনা সদর, পাবনা।

স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পাবনা সদর, পাবনা।

তারিখঃ ১৪/১০/২০২১ খ্রি.

সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা

সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো

সভার শুরুতে আজকের সভার সভাপতি জনাব মোঃ হাসান মাহমুদুল হক, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা(অ.দা), পাবনা সদর, পাবনা সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য সভার সদস্য সচিব জনাব মোঃ মিজানুর রহমান, কেন্দ্রসহকারী, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পাবনা সদর পাবনাকে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে সভার সদস্য সচিব ২০২১-২০২২ অর্থ বছরের শূদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর/২১-ডিসেম্বর/২১) সভায় নিম্নোক্ত বিষয়ভিত্তিক আলোচনা করার জন্য সকলকে অনুরোধ করেন।


আলোচ্য বিষয়সমূহঃ

১. অফিসে নিয়মিত উপস্থিতি
২. সরকারী সম্পদ ও জানমালের নিরাপত্তা বিধান নিশ্চিতকরণ

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র.নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	অফিসে নিয়মিত উপস্থিতিঃ সরকারী বিধি মোতাবেক কর্মকর্তা ও কর্মচারীগণের অফিসে সময়মত উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	সরকারী বিধি মোতাবেক কর্মকর্তা ও কর্মচারীগণের অফিসে সময়মত উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
২.	সরকারী সম্পদ ও জানমালের নিরাপত্তা বিধান নিশ্চিতকরণঃ অফিস সংশ্লিষ্ট সরকারী সম্পদ ও জানমালের নিরাপত্তা বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	অফিস সংশ্লিষ্ট সরকারী সম্পদ ও জানমালের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কর্মকর্তা ও কর্মচারীগণের সর্বাঙ্গিক চেষ্টা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ (সকল)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ হাসান মাহমুদুল হক)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা(অ.দা)
পাবনা সদর, পাবনা।